

বাকবিশিস-এর সংবাদ সম্মেলন

বাজেটে বেসরকারি শিক্ষক-কর্মচারীদের বেতনের জন্য ১শ' ভাগ বরাদ্দ দাবি

বিজ্ঞ বার্তা পরিবেশক : আসন্ন বাজেটে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের বেতনের একশ' ভাগ বরাদ্দ প্রদানের দাবি জানিয়েছে বাংলাদেশ কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি (বাকবিশিস)। মঙ্গলবার দুপুরে ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে আয়োজিত সংবাদ সম্মেলনে এই দাবি জানানো হয়।

সংবাদ সম্মেলনে সিবিড, বক্তব্য পাঠ করেন সমিতির সভাপতি অধ্যক্ষ প্রো. শাজাহান। আরও উপস্থিত ছিলেন সাধারণ সম্পাদক অধ্যাপক সিয়াজুল হক, অধ্যাপক সমরেন্দ্রনাথ রায়, অধ্যাপক মোস্তফা হারুন-অর-রশীদ, অধ্যাপক অশোক তরু, অধ্যাপক আবদুস ছালিম প্রমুখ।

সিবিড বক্তব্যে বলা হয়, কমতা গ্রহণের ১ বছর ৮ মাস পর হয়ে গেলেও বর্তমান জেট সরকার নির্বাচনী প্রতিশ্রুতি অনুযায়ী বেসরকারি শিক্ষক-কর্মচারীদের বেতন ১০% বাড়িয়ে ১০০%-এ উন্নীত করেনি। বর্তমানে প্রবাসীদের লাগামহীন উর্ধ্বগতির ফলে সামান্য বেতনে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীরা মানবের জীবন-যাপন করছে। সংবাদ সম্মেলনে বেসরকারি শিক্ষক-

কর্মচারীদের জন্য নতুন পে-স্কেল প্রদান, ৩০ ভাগ মহার্ঘ ভাতা, শিক্ষকদের পাসোপ্তি প্রদান প্রতি দাবি জানানো হয়।

সমিতির নেতৃবৃন্দ সম্প্রতি শিক্ষা মন্ত্রণালয় থেকে জারিকৃত শিক্ষক নিয়োগ সংক্রান্ত পরিপত্রের ব্যাপারে ক্ষোভ প্রকাশ করে বলেন, এই পরিপত্র শিক্ষক নিয়োগ প্রক্রিয়াকে আমলাতান্ত্রিক এবং দুর্নীতিগ্রস্ত করবে। তারা এর পরিবর্তে বেসরকারি কলেজ সার্ভিস কমিশনের মাধ্যমে শিক্ষক নিয়োগের দাবি জানান।

সংবাদ সম্মেলনে স্মরণে ব্যাপক শিক্ষক নির্বাচন-হয়রানিতে ক্ষোভ প্রকাশ করা হয়। সম্মেলনে বর্তমান সরকারের আমলে দেয়া তেজগাঁও কলেজের অধ্যক্ষ আবদুর রশিদের সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহারের দাবি জানানো হয়।